# বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতি

## Bangladesh Upazila Project Implementation Officers Association

প্রধান কার্যালয় ঃ ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ, ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।
অস্থায়ী কার্যালয় ঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২/৯৩, মহাখালী, ঢাকা-১২১২।

## সভার কার্যবিবরণী

সভার সভাপতি : জনাব মুহম্মদ মুবিনুর রহমান
সভার স্থান : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সভাকক্ষ
সভার তারিখ : ২৭/০৯/২০২৫
সময় : বিকাল ০২:৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'তে দেখানো হলোঃ

সভার শুরুতেই সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানানো হয়। অতঃপর পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় পবিত্র কোরআন তেলোয়াত করেন, জনাব জনাব জাকারিয়া আলম পিআইও কালিয়াকৈর, গাজীপুর।
গত সভা হতে অদ্য পর্যন্ত যে সকল সদস্যবৃন্দ মৃত্যুবরণ করেন, মজনুর রহমান এবং রতন নায়েকসহ তাদের সকলের উদ্দেশ্যে শোক প্রস্তাব আনা হয় এবং ১(এক) মিনিট নীরবতা পালন ও তাদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মোনাজাত করা হয়। অতঃপর সম্মানিত সভাপতি, কেনিপ তাঁর স্বাগত বক্তব্য প্রদান করেন।

**স্বাগত বক্তব্যঃ** জনাব মুহম্মদ মুবিনুর রহমান, সভাপতি, কেনিপঃ উপস্থিত কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সকল সদস্য, উপস্থিত উপপরিচালক মহোদয়গণ, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা মহোদয়গণ এবং বিভিন্ন উপজেলা থেকে আগত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণকে স্বাগত জানান। তিনি বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতির যে সকল সদস্যবৃন্দ ইতোমধ্যে মৃত্যুবরণ করেন তাদের সকলের জন্য শোক প্রকাশ করেন।
তিনি বলেন, বিগত (প্রায়) ১বছর ১মাস আগে বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতি বিলুপ্ত করে বৈষম্য দূরীকরণ সমন্বয়ক কমিটি গঠন করা হয়। উক্ত সময় থেকে অদ্যাবধি বৈষম্য দূরীকরণ সমন্বয়ক কমিটির অধীনে যাবতীয় কার্যক্রম চালানো হয়। ইতোমধ্যে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা কেন্দ্রীয় নির্বাহী পরিষদ গঠন করে অত্যন্ত দক্ষতার সাথে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এহেন পরিস্থিতিতে বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতির নির্বাহী পরিষদ গঠনের লক্ষ্যে এডহক কমিটি এবং নির্বাচন কমিশন গঠন করার জন্য আজকের সভাটি আহবান করা হয়েছে। তিনি সভার পরবর্তী কার্যাক্রম চালানোর জন্য সমিতির সাধারণ সম্পাদক জনাব মোঃ আনোয়ার হোসেন কে অনুরোধ করেন।

**সাধারণ সম্পাদকের বক্তব্যঃ** জনাব মোঃ আনোয়ার হোসেন, সাধারণ সম্পাদক, কেনিপ সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি বলেন যে, বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতি একটি ঐতিহ্যবাহি সমিতি এই সমিতির ঐতিহ্য ধরে রাখার জন্য যোগ্য নেতৃত্বের মাধ্যমে একটি শক্তিশালী সমিতি গঠন করা প্রয়োজন, যে সমিতি অতীতের সফলতা ও ব্যার্থতার অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে সদস্যদের সকল নৈতিক এবং যৌক্তিক দাবী যেমন-ডিআরআরও এবং পিআইও পদের আপগ্রেডেশন, যুগোপযুগী অর্গানোগ্রাম তৈরীসহ অন্যান্য সকল কার্যক্রম বাস্তবায়নে কর্তৃপক্ষের সাথে সমন্বয় সাধন করতে পারবে।
তিনি জানান, সমিতির গঠনতন্ত্র অনুযায়ী এডহক কমিটিতে প্রত্যেক বিভাগ হতে একজন করে ৮ জন সদস্য এবং ১ জন আহ্বায়ক থাকার কথা বলা আছে এবং নির্বাচন কমিশনে ১ (এক) জন প্রধান নির্বাচন কমিশনার ও ২ (দুই) জন নির্বাচন কমিশনারের সমন্বয়ে মোট ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিশন গঠনের কথা উল্লেখ রয়েছে।

Scanned with CamScanner

গঠনতন্ত্র অনুযায়ী এডহক কমিটিতে অন্তর্ভুক্তির জন্য ৮(আট)বিভাগ হতে ৮(আট) জন সদস্য এবং ১ জন আহ্বায়কের নাম এবং ১ (এক) জন প্রধান নির্বাচন কমিশনার ও ২ (দুই) জন নির্বাচন কমিশনারের নাম প্রস্তাবের জন্য উপস্থিত সকলকে আহবান করেন। প্রতিটি বিভাগ হতে আগত কর্মকর্তাদের প্রস্তাব সমুহ বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত এডহক কমিটি এবং নির্বাচন কমিশন গঠন করা হয় -

## এডহক কমিটি

| ক্রমিক নং | নাম | পদবী ও কর্মস্থল | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | মো: জালাল উদ্দিন | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, প্রধান কার্যালয়,ঢাকা | আহবায়ক |
| ২ | তারিকুল ইসলাম | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, প্রধান কার্যালয়,ঢাকা | সদস্য (ঢাকা বিভাগ) |
| ৩ | মো: মেশকাতুর রহমান মোল্লা | উপজেলা প্রকল্প বাস্তবাযন কর্মকর্তা, সোনাইমুড়ী,নোয়াখালী | সদস্য (চট্টগ্রাম বিভাগ) |
| ৪ | মনিরুজ্জামান মনির | উপজেলা প্রকল্প বাস্তবাযন কর্মকর্তা, শাহজাহানপুর,বগুড়া | সদস্য (রাজশাহী বিভাগ) |
| ৫ | মো: মতিউর রহমান | উপজেলা প্রকল্প বাস্তবাযন কর্মকর্তা, মোংলা,বাগেরহাট | সদস্য (খুলনা বিভাগ) |
| ৬ | মো: জিয়াউর রহমান | উপজেলা প্রকল্প বাস্তবাযন কর্মকর্তা, ভোলা সদর, ভোলা | সদস্য (বরিশাল বিভাগ) |
| ৭ | বীথন কান্তি সরকার | উপজেলা প্রকল্প বাস্তবাযন কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট | সদস্য (সিলেট বিভাগ) |
| ৮ | মো: মুনিমুল হক | উপজেলা প্রকল্প বাস্তবাযন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর | সদস্য (রংপুর বিভাগ) |
| ৯ | মোহাম্মদ শহীদ উল্লাহ | উপজেলা প্রকল্প বাস্তবাযন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ | সদস্য (ময়মনসিংহ বিভাগ) |

## নির্বাচন কমিশন

| ক্রমিক নং | নাম | পদবী ও কর্মস্থল | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | মো: হাফিজুর রহমান | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা | প্রধান নির্বাচন কমিশনার |
| ২ | মো: আরিফুল হাসান | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, প্রধান কার্যালয়,ঢাকা | নির্বাচন কমিশনার |
| ৩ | মো: জাহিদ হাসান | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, প্রধান কার্যালয়,ঢাকা | নির্বাচন কমিশনার |

এছাড়া সভায় বক্তব্য রাখেন, জনাব মো: ইসমাইল হোসেন, উপপরিচালক, প্রশিক্ষণ; জনাব মো: আওলাদ হোসেন, উপপরিচালক, মূল্যায়ন; জনাব মো: আবেদ আলী, জেলা ত্রাণ ও পুনবার্সন অফিসার কুমিল্লা ও সভাপতি জেলা ত্রাণ ও পুনবার্সন অফিসার কল্যাণ পরিষদ; জনাব মো: আক্তারুজ্জামান জেলা ত্রাণ ও পুনবার্সন অফিসার টাঙ্গাইল; জনাব আব্দুল্লা হেল কাফি, জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার, জামালপুরসহ আরও অনেকে।

সুন্দর ও সুচারুভাবে এডহক কমিটি এবং নির্বাচন কমিশন গঠন করায় সকলকে পুনরায় ধন্যবাদ জানান।

## সিদ্ধান্তসমূহ:

১. গত সভার কার্যবিবরনী অনুমোদন করা হয়

২. গত সভা হতে অদ্য পর্যন্ত যেসকল সদস্যবৃন্দ মৃত্যবরণ করেন তাদের সকলের উদ্দেশ্যে বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতির পক্ষ থেকে সর্ব সম্মতিক্রমে শোক প্রস্তাব গৃহিত হয়

Scanned with CamScanner

৩. গঠিত এডহক কমিটি এবং নির্বাচন কমিশন সমিতির গঠনতন্ত্র মোতাবেক যাবতীয় দায়িত্ব পালন করবেন। হালনাগাদ নির্ভুল ভোটার তালিকা প্রনয়ণ, নমিনেশন পেপার তৈরী এবং সুবিধাজনক সময়ে যত দ্রুত সম্ভব গঠণতন্ত্র মোতাবেক উপদেষ্টা পরিষদের সাথে পরামর্শক্রমে পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে তফসিল ঘোষণা করে নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে একটি নির্বাচিত কমিটি গঠণ করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭.০৯.২০২৫

(মুহম্মদ মুবিনুর রহমান)
সভাপতি (ভারপ্রাপ্ত)সাবেক
ও
উপদেষ্টা
কেন্দ্রীয় নির্বাহী পরিষদ
বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতি
মোবাইল নং- ০১৭১৪-০৪৬৪৩৫

স্মারক নং-৫১.০১.০০০.০২৫.০১৪.০০১.১৪-৬১ তারিখ: ২৭/০৯/২০২৫

**অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। মন্ত্রীপরিষদ সচিব, মন্ত্রীপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব/ সিনিয়র সচিব, ........................................................ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা-১২১২;
৪। অতিরিক্ত সচিব, ..................................মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। বিভাগীয় কমিশনার, .............................. বিভাগ;
৬। মহামান্য রাষ্ট্রপতির একান্ত সচিব, বঙ্গভবন, ঢাকা (মহামান্য রাষ্ট্রপতিকে সদয় অবগত করণার্থে;
৭। মাননীয় প্রধান উপদেষ্টার একান্ত সচিব, ঢাকা (মাননীয় প্রধান উপদেষ্টার সদয় অবগত করনার্থে);
৮। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগত করনার্থে);
৯। যুগ্ম সচিব, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০। পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা;
১১। জেলা প্রশাসক, ................................... জেলা;
১২। সভাপতি/সাধারণ সম্পাদক, ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ, ১৬০/এ, কাকরাইল, ঢাকা;
১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার কল্যাণ সমিতি, বাংলাদেশ ঢাকা;
১৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা..............................................জেলা;
১৫। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা: ............................................ জেলাঃ ......................;
১৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, উপজেলাঃ ........................................ জেলাঃ ......................।

27/09/25

(মোঃ আনোয়ার হোসেন)
সাধারণ সম্পাদক(সাবেক)
ও
উপদেষ্টা
কেন্দ্রীয় নির্বাহী পরিষদ
বাংলাদেশ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সমিতি
মোবাইল নং- ০১৭১১-০৪৪৫১৮

Scanned with CamScanner